গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সমুদ্র পরিবহণ অধিদপ্তর**
ঢাকা

নং - আইএস-৮৬/নলেজ/০২। ৩৫২১(১২)

তারিখ ঃ ১১/৪/২০০৭

## ৮/৪/২০০৭ তারিখে নৌযান সার্ভে সংক্রান্ত বিষয়ে সমুদ্র পরিবহণ অধিদপ্তরে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ ৮/৪/২০০৭
সময় ঃ ১১০০ ঘটিকা
সভাপতি ঃ মহাপরিচালক, সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকা
স্থান ঃ সমুদ্র পরিবহণ অধিদপ্তর কনফারেন্স রুম

মহাপরিচালক মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভায় নৌযান সার্ভে সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনার পর যে সকল সিদ্ধান্ত গৃহিত হয় তা নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় সমুহ | সভায় গৃহিত সিদ্ধান্তসমুহ | কার্যক্রম |
|---|---|---|---|
| ১। | পুরাতন ফরমেটে (সংশোধন মার্চ/২০০৫) সার্ভে ঘোষণাপত্র প্রেরণ করা প্রসংগে | ৮/৪/২০০৭ তারিখে নৌযান সার্ভের নিমিত্তে টাস্ক নম্বর গ্রহনের পর সর্বশেষ প্রনীত ঘোষণাপত্র (সংশোধন মার্চ/২০০৬) এর ফরমেট অনুযায়ী নৌযান সার্ভে করে না পাঠালে ঘোষণাপত্র ফেরৎ পাঠানো হবে। | সকল সার্ভেয়ার ও মুখ্য পরিদর্শক |
| ২। | ঘোষণাপত্রে "সার্ভের জন্য আবেদন" অংশে সংশ্লিষ্ট নৌযানের মাস্টার দ্বারা তথ্য পূরণ না করা প্রসংগে। | নৌযানে কর্মরত যে মাস্টার লেখাপড়া জানে তাকে দিয়ে সার্ভের জন্য আবেদন পত্র পূরণ করার ব্যবস্থা করতে হবে। এখন থেকে অভ্যন্তরীণ জাহাজে চাকুরীর জন্য বয়স সীমা (৫৮ বৎসর) উত্তীর্ণ হওয়া মাস্টার-ড্রাইভারগণ তাদের চাকুরীর জন্য বয়সসীমা বৃদ্ধির আবেদনের বিষয় বিবেচনার সময় সংশ্লিষ্ট মাস্টার-ড্রাইভাররা লেখা পড়া জানে কিনা নিশ্চিত হয়ে ভবিষ্যতে বয়স সীমা বৃদ্ধি করতে হবে। | চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার ও প্রিন্সিপাল সার্ভেয়ার, ইসা |
| ৩। | ঘোষণাপত্রে সার্ভের জন্য আবেদন অংশে এবং সার্ভেয়ারের ঘোষণাপত্রের অংশে ওভার রাইটিং করা হচ্ছে কিন্তু স্বাক্ষর করা হচ্ছে না । | ওভার রাইটিং অংশে স্বাক্ষর প্রদানের বিষয়টি সকল সার্ভেয়ার নিশ্চিত করবেন । এ ধরনের ওভার রাইটিংকৃত ঘোষণাপত্র ফেরৎ পাঠানো হবে । | সকল সার্ভেয়ার ও মুখ্য পরিদর্শক |
| ৪। | সার্ভের পর ঘোষণাপত্রে সার্ভেয়ারের স্বাক্ষরের নীচে তারিখ উল্লেখ না করা প্রসংগে | সার্ভের পর ঘোষণাপত্রে সার্ভেয়ারের স্বাক্ষরের নীচে তারিখ উল্লেখ পূর্বক ঘোষণাপত্র প্রেরণ করবেন । স্বাক্ষরের নীচে তারিখ বিহীন ঘোষণাপত্র ফেরৎ পাঠানো হবে । | সকল সার্ভেয়ার ও মুখ্য পরিদর্শক |
| ৫। | ছোটখাটো ত্রুটি সংশোধন না করে ঘোষণাপত্র প্রেরণ প্রসংগে | ১) নৌযান সার্ভের নিমিত্তে মালিকের নিকট থেকে পূর্ণাংগ আবেদন পত্র পাওয়ার পর সমুদ্র পরিবহণ অধিদপ্তর থেকে টাস্ক নম্বর গ্রহণ করতে হবে । সার্ভের সময় ছোটখাটো যে সকল ত্রুটি পাওয়া যাবে তা মালিক কর্তৃক সংশোধন করার পর চলাচলের নিমিত্তে ৪৫ দিনের সাময়িক চলাচলের অনুমতি পত্র জারী করতে হবে ।<br>২) টাস্ক নম্বর গ্রহনের পর ৭ দিনের মধ্যে ঘোষণাপত্র প্রেরণের জন্য যে বাধ্যবাধকতা ছিল তার সময় সীমা ১৫ দিন পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয় । | সকল সার্ভেয়ার |
| ৬। | সার্ভের মেয়াদ শেষ হওয়ার ১(এক) মাস পূর্বে মালিক কর্তৃক নৌযান সার্ভের জন্য আবেদনপত্র দাখিল প্রসংগে | আইএসও'৭৬ এর ১১(২) ধারা অনুযায়ী সার্ভের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ১(মাস) পূর্বে সার্ভেয়ারের নিকট আবেদন পত্র দাখিল করতে হবে । উক্ত সময়ের পর আবেদনপত্র দাখিল করা হলে বিলম্বজনিত আবেদনের জন্য প্রতিদিন ১০০/- টাকা হারে বিলম্ব ফি আদায় করে সার্ভে সম্পন্ন করতে হবে । এ সংক্রান্ত একটি সার্কুলার জারী করতে হবে । | ১। সকল সার্ভেয়ার ও ২। মুখ্য পরিদর্শক |
| ৭। | সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সঠিকভাবে নির্ণয় না করে সনদ প্রেরণ করা প্রসংগে | ১) সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা বিধিমালা ২০০১ অনুযায়ী সঠিকভাবে সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সনদ প্রেরণ করতে হবে।<br>২) দ্বিতল বিশিষ্ট ছোট যাত্রীবাহী নৌযানের ক্ষেত্রে মাস্টার-ড্রাইভারসহ সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সনদ প্রদান করতে | সকল সার্ভেয়ার ও চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার |

| | | | |
|---|---|---|---|
| | | হবে ।<br>৩) একতলা বিশিষ্ট ছোট যাত্রীবাহী নৌযানের বেলায় সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সনদের প্রয়োজন নেই । তবে এ ক্ষেত্রে সুকানী ও গ্রীজার দ্বারা পরিচালনার নিমিত্তে ডিসপেনসেশন সনদ প্রদান করতে হবে ।<br>৪) এখন থেকে সার্ভের সময় অনুর্ধ ২০ মিটার দৈর্ঘ্য ও ৫০ অশ্বশক্তির নীচের যাত্রীবাহী দ্বিতল নৌযান সমুহে ইতিপুর্বে নির্ধারিত যাত্রী সংখ্যা যাচাই করে প্রয়োজনে পুনঃ নির্ধারণ করতে হবে । যাত্রী সংখ্যা নির্ধারণের একটি বিধিসম্মত উইনিফরম পদ্ধতি সিইএন্ডএসএস জারী করবেন । | |
| ৮। | নিরাপদ নাবিক সংখ্যা সনদ অনুযায়ী নির্ধারিত গ্রেডের ও নির্ধারিত সংখ্যক মাস্টার ও ড্রাইভার নিয়োগ নিশ্চিত না করে ঘোষণাপত্র প্রেরণ করা প্রসংগে | ১) সার্ভের সময় নিরাপদ নাবিক সংখ্যা সনদ অনুযায়ী নির্ধারিত গ্রেডের ও নির্ধারিত সংখ্যক মাস্টার ও ড্রাইভার নিয়োগ করার জন্য মালিককে চাপ প্রয়োগ করতে হবে । এ ক্ষেত্রে নৌযানে নিয়োজিত মাস্টার-ড্রাইভারের মাধ্যমে শূণ্য পদে মাস্টার-ড্রাইভার নিয়োগের প্রচেষ্টা চালানো যেতে পারে । প্রয়োজনে নৌযান শ্রমিক ফেডারেশন থেকে "বর্তমানে মাস্টার-ড্রাইভার বেকার নেই" মর্মে অনাপত্তি গ্রহণ সাপেক্ষে আরও ১ জন মাস্টার ও ড্রাইভার রাখা থেকে অব্যহতি প্রদান করা যেতে পারে । অব্যহতি প্রদান সংক্রান্ত সনদের নমুনা ইতিপূর্বে সকল সার্ভেয়ারকে প্রদান করা হয়েছে ।<br>২) ১৫০০ অশ্ব শক্তি উর্দ্ধে ইঞ্জিনের ক্ষমতাসম্পন্ন নৌযান সমুহের জন্য ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার সনদধারী পাওয়া না গেলে আলোচ্য নৌযান সমুহকে অব্যহতি প্রদান করে ২ জন ১ম শ্রেণীর ড্রাইভার নিয়োগ নিশ্চিত করতে হবে । | সকল সার্ভেয়ার |
| ৯। | ইঞ্জিনের শক্তি (বিএইচপি/ কিলোওয়াট) ঘোষণাপত্রে উল্লেখ না করা প্রসংগে | যেহেতু সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা নির্ধারণ এর মূল উপাত্ত বিশ্লেষণে ইঞ্জিনের শক্তি একটি প্রধান সহায়ক ভুমিকা পালন করে থাকে তাই ঘোষণাপত্রে ইঞ্জিনের শক্তি (বিএইচপি/ কিলোওয়াট) কি হবে তা সঠিকভাবে উল্লেখ করতে হবে । | সকল সার্ভেয়ার |
| ১০। | অগ্নি নির্বাপক যন্ত্রে পুনঃভরনের তারিখ উল্লেখ না করা প্রসংগে | অগ্নি নির্বাপক যন্ত্রে পুনঃভরনের তারিখ উল্লেখ করতে হবে । | সকল সার্ভেয়ার |
| ১১। | ঘোষণাপত্রে মাস্টার-ড্রাইভারের সনদ পৃষ্ঠাংকন করা হচ্ছে কিনা, উল্লেখ না করে ঘোষণাপত্র প্রেরণ করা প্রসংগে | যে সকল মাস্টার-ড্রাইভার দ্বারা নৌযান চালানো হচ্ছে সে সকল মাস্টার-ড্রাইভারের যোগ্যতা সনদে নৌযানের নাম লিপিবদ্ধ করে পৃষ্ঠাংকন করা হচ্ছে কিনা, তা ঘোষণাপত্রে সার্ভেয়ারের জন্য নির্ধারিত কলামে অতিরিক্ত শীটের সিরিয়াল নম্বর উল্লেখ করতে হবে। | সকল সার্ভেয়ার |
| ১২। | যাত্রীবাহী ও মালবাহী নৌযানের জন্য প্রযোজ্য 'নদী বিজ্ঞপ্তি' ও 'টাইড টেবিল' "প্রযোজ্য নয়" বা "সঠিক নেই" মর্মে টিক চিহ্ন প্রদান প্রসংগে | যে সকল নৌযানে নদী বিজ্ঞপ্তি ও টাইড টেবিল এর প্রয়োজন নেই সার্ভেয়ারগণ টিক চিহ্ন প্রদানের পাশাপাশি সার্ভেয়ারের জন্য নির্ধারিত কলামে আলাদা ভাবে উল্লেখ করবেন । | সকল সার্ভেয়ার |
| ১৩। | যাত্রীবাহী ও মালবাহী নৌযানের জন্য প্রযোজ্য 'কম্পাস' "প্রযোজ্য নয়" বা "সঠিক নেই" মর্মে টিক চিহ্ন প্রদান প্রসংগে | যে সকল নৌযানে 'কম্পাস' এর প্রয়োজন নেই সার্ভেয়ারগণ টিক চিহ্ন প্রদানের পাশাপাশি সার্ভেয়ারের জন্য নির্ধারিত কলামে আলাদা ভাবে উল্লেখ করবেন । | সকল সার্ভেয়ার |
| ১৪। | সকল ধরনের নৌযানে মোবাইল ফোন রাখা বাধ্যতামুলক । মোবাইল ফোন আছে কিনা, বা নম্বর কত ঘোষণাপত্রে তা উল্লেখ না করা প্রসংগে | প্রতিটি নৌযানে মোবাইল ফোন রাখতে হবে এবং যে কোন সময় যোগাযোগের জন্য মোবাইল নম্বর প্রয়োজন বিধায় সার্ভে ঘোষণাপত্রে মোবাইল ফোন নম্বর লিপিবদ্ধ আছে কিনা নিশ্চিত করতে হবে । | সকল সার্ভেয়ার |
| ১৫। | অস্বচ্ছ ঘোষণা পত্র প্রেরণ করা প্রসংগে | এমন অনেক ঘোষণাপত্র প্রেরণ করা হচ্ছে যা পড়ার অযোগ্য । এ ধরনের অস্বচ্ছ ঘোষণাপত্র ভবিষ্যতে প্রেরণ না করার জন্য সকল সার্ভেয়ারকে নির্দেশ প্রদান করা হলো। | সকল সার্ভেয়ার |
| ১৬। | টাস্ক নম্বরের সাথে | প্রতিদিন সার্ভের জন্য যে টাস্ক নম্বর গ্রহণ করা হবে তা একটি | সকল সার্ভেয়ার |

| | | | |
|---|---|---|---|
| | ঘোষণাপত্রে উল্লেখিত টাস্ক নম্বরের অমিল পাওয়া প্রসংগে | রেজিষ্টার বইয়ে লিপিবদ্ধ করার বিষয়ে ইতিপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছিল । এ ব্যাপারে সকল সার্ভেয়ারকে আরও সতর্ক হয়ে সার্ভে সম্পাদনের জন্য বলা হয়েছে । | |
| ১৭। | দুটি ভিন্ন জাহাজের একই রেজিষ্ট্রেশন নম্বর প্রদান প্রসংগে | একই সার্ভে স্টেশন থেকে দুটি ভিন্ন ভিন্ন নৌযানের অনুকূলে একই রেজিষ্ট্রেশন নম্বর প্রদান করা হয়েছে । এ ব্যাপারে প্রতিটি সার্ভে স্টেশনের সার্ভেয়ারগণ তাদের রেজিষ্টার বুক পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । | সকল সার্ভেয়ার |
| ১৮। | সার্ভে ঘোষণাপত্র ২(দুই) কপি প্রেরণ করা প্রসংগে | সার্ভে সম্পন্ন হওয়ার পর সন্তোষজনক পাওয়া গেলে সংশ্লিষ্ট সার্ভেয়ার সার্ভে ঘোষণাপত্রের ৪ কপির মধ্যে রাবার স্ট্যাম্প সীল দিয়ে স্বাক্ষর করার পর ১(এক) কপি ঘোষণাপত্রের পিছনে সার্ভে টোকেন আঠা দিয়ে লাগিয়ে মালিককে প্রদান করতে হবে এবং ২টি কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে । ৮/৪/০৭ তারিখ থেকে সার্ভেকৃত নৌযান এর ঘোষণাপত্রের দুটি কপি পাওয়া না গেলে ফেরৎ পাঠানো হবে । | সকল সার্ভেয়ার |
| ১৯। | নৌযান সার্ভের স্থান ঘোষণাপত্রে উল্লেখ না করা প্রসংগে | সার্ভের জন্য নৌযানটি কোন স্থানে পরিদর্শণ করা হয়েছে ঘোষণাপত্রে অনেক সার্ভেয়ার তা উল্লেখ করছেন না, এখন থেকে ঘোষণাপত্রে টাস্ক নম্বর, তারিখ, নৌযানের নাম ও স্থান উল্লেখ করতে হবে । | সকল সার্ভেয়ার |
| ২০। | Extra Sheet Added সম্বলিত সীলমোহর প্রদান না করা প্রসংগে | ১) একই মাস্টার-ড্রাইভার দিয়ে যাতে একাধিক নৌযান সার্ভে করতে না পারে সে জন্য সার্ভের সময় মাস্টার-ড্রাইভারের সনদে আলাদা কাগজে নৌযানের নাম লিপিবদ্ধ করার জন্য Extra Sheet সংযোজন এর প্রচলন করা হয়েছে এবং যোগ্যতা সনদের নীচে Extra Sheet Added সম্বলিত সীলমোহর প্রদানের নির্দেশনা প্রদান করা হলেও অনেক সার্ভেয়ার তা প্রতিপালন করছেন না । এ সীল মোহর না থাকলে যে কোন সময় অতিরিক্ত শীটটি সরিয়ে ফেলে একই মাস্টার-ড্রাইভার দ্বারা অন্য নৌযান সার্ভে হলে তা বোঝার উপায় থাকবে না । এ ব্যাপারে সকল সার্ভেয়ারের পুনঃ নির্দেশ প্রদান করা হলো ।<br>২) যে সকল লেমিনেটিং যুক্ত সাময়িক যোগ্যতা সনদপত্রে Extra Sheet সংযোজন করা সম্ভব হবে না সে ক্ষেত্রে লেমিনেটিং যুক্ত সনদে **Extra Sheet** স্ট্যাপল করে সংযুক্ত করার পাশাপাশি **Department of Shipping** এর মনোগ্রাম এবং **Extra Sheet Added** সম্বলিত এমবোস সীল তৈরী করে ব্যবহার করার জন্য বলা হলো । | সকল সার্ভেয়ার |
| ২১। | সার্ভের সময় নৌযানের পরিমাপ বর্ধিত পাওয়া গেলে সার্ভেয়ারদের করণীয় প্রসংগে | সার্ভের সময় কোন নৌযানের পরিমাপ বর্ধিত পাওয়া গেলে তার বর্ধিত অংশের পরিমাপ উল্লেখ পূর্বক সার্ভে আইটেমের অন্যান্য বিষয় সন্তোষজনক পাওয়া গেলে সুপারিশসহ অধিদপ্তরে ঘোষণাপত্র প্রেরণ করতে হবে । যেহেতু প্ল্যান অনুমোদনের বিষয়টি বিবেচনাধীন আছে তাই প্রাথমিকভাবে চলাচলের নিমিত্তে ঘোষণাপত্র জারীর তারিখ থেকে ৩(তিন) মাস মেয়াদ দিয়ে সার্ভে সনদ জারী করা হবে । পরবর্তীতে প্রয়োজন হলে এ মেয়াদ আরও ৩(তিন) মাস বর্ধিত করা যাবে । | ১। চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার<br>২। সকল সার্ভেয়ার |
| ২২। | অনির্ধারিত সার্ভে প্রসংগে | সার্ভেয়ারগণ নিয়মিত নৌযান সার্ভের পাশাপাশি সপ্তাহে ৩(তিন) দিন ৪(চার)টি করে নৌযান অনির্ধারিত সার্ভে করে দেয় ফরমেট অনুযায়ী প্রতিবেদন সমুদ্র পরিবহণ অধিদপ্তরে দাখিল করবেন । অনির্ধারিত সার্ভের বিষয়ে কারও কোন মতামত/সুপারিশ থাকলে তা অধিদপ্তরকে অবহিত করবে । তবে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অনির্ধারিত সার্ভের আদেশ বলবৎ থাকবে । | সকল সার্ভেয়ার |

আলোচনার জন্য অন্য কোন বিষয়ের অবতারনা না হওয়ায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন ।

( ক্যাপ্টেন এ.কে.এম. শফিকউলাহ )
মহাপরিচালক (চলতি দায়িত্ব)